বিশ্বসাহিত্য কেন্দ্র

Email: bskmbf24@gmail.com

১৭ ময়মনসিংহ রোড, বাংলামোটর, ঢাকা ১০০০

ফোন: ০২-৯৬৬০৮১২, ০১৭০৫৪১৭১৪৯

স্মারক নং: বিসাকে/এমবিএফ/০২/৭৬

তারিখ: ৩১ জুলাই ২০২৫

বরাবর,
প্রধান শিক্ষক,
রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর।

**বিষয় : বিশ্বসাহিত্য কেন্দ্র আয়োজিত বইমেলায় অংশগ্রহনের আমন্ত্রণ ও আপনার শিক্ষা প্রতিষ্ঠানে বইমেলার সংবাদ জানানো।**

জনাব,
শুভেচ্ছা নিবেন। উপর্যুক্ত বিষয়ে জানাচ্ছি যে, বিশ্বসাহিত্য কেন্দ্র 'ভ্রাম্যমাণ বইমেলা ও সাংস্কৃতিক উৎসব' নামে একটি কর্মসূচি বাস্তবায়ন করছে। এ লক্ষ্যে একটি বৃহদাকার গাড়িকে সুসজ্জিত বইমেলা পরিচালনার উপযোগী করে 'ভ্রাম্যমাণ বইমেলায়' রূপান্তর করা হয়েছে। এর মাধ্যমে বছরব্যাপী বিভিন্ন জেলা, উপজেলায় ও সংলগ্ন বড় শহরে বইমেলা আয়োজন করা হচ্ছে। দেশের তরুণ প্রজন্মের কাছে বইকে জনপ্রিয় ও তাদেরকে বইমুখী করতে এই মেলা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। দেশব্যাপী জ্ঞানপিপাসু পাঠকদের চাহিদা ও আগ্রহের ভিত্তিতে এবছর মেলায় থাকছে গল্প, উপন্যাস, প্রবন্ধ, কবিতা, জীবনী, ইতিহাস, গবেষণাগ্রন্থ, মুক্তিযুদ্ধ, অনুবাদ, সাইন্স ফিকশন, রূপকথা ও ছোটদের জন্য বাছাই করা বিশ্বের শ্রেষ্ঠ বইসমূহ। বইমেলায় ২৫% থেকে ৩৫% পর্যন্ত ছাড়ে বই কেনার দারুন সুযোগ রয়েছে। আগামী **১ আগস্ট ২০২৫ থেকে ৫ আগস্ট ২০২৫** পর্যন্ত **পাবলিক লাইব্রেরি হল রুম** (টাউন হল চত্বর, শহিদ মিনারের এর পাশে) রংপুর সদর **-এ** বইমেলার আয়োজন করা হয়েছে যা প্রতিদিন দুপুর **২ টা থেকে রাত ৮.৩০ মি.** পর্যন্ত দর্শক ক্রেতাদের জন্য মেলার স্টল উন্মুক্ত থাকবে।

এ পরিপ্রেক্ষিতে **পাবলিক লাইব্রেরি হল রুম** (টাউন হল চত্বর, শহিদ মিনারের এর পাশে) রংপুর সদর**-এ** বিশ্বসাহিত্য কেন্দ্রের 'বইমেলা'য় আপনার পরিজন সুহৃদ ও পাঠককে নিয়ে আসার জন্য মহোদয়কে সবিনয় আমন্ত্রণ জানাচ্ছি।

উল্লেখ্য যে, আপনার **শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী ও শিক্ষকদেরকে এই মেলায় অংশগ্রহণ করার জন্যে বিশেষ ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানাচ্ছি।**

আপনার সানুগ্রহ উপস্থিতি আমাদের বিশেষভাবে অনুপ্রাণিত করবে এবং 'ভ্রাম্যমাণ বইমেলা'র এই নতুন উদ্যোগকে আরো সফল করে তুলবে ।

**শুভেচ্ছান্তে,**

অমিত চক্রবর্তী
ইউনিট ইনচার্জ, ভ্রাম্যমাণ বইমেলা
বিশ্বসাহিত্য কেন্দ্র।
ফোন : ০১৭১২৮৩০৬৪০
ইমেইল : amitchakrabartty2@gmail.com



CamScanner

বিশ্বসাহিত্য কেন্দ্র
Email: bskmbf24@gmail.com
১৭ ময়মনসিংহ রোড, বাংলামোটর, ঢাকা ১০০০
ফোন: ০২-৯৬৬০৮১২, ০১৭০৫৪১৭১৪৯








CamScanner

বিশ্বসাহিত্য কেন্দ্র
Email: bskmbf24@gmail.com
১৭ ময়মনসিংহ রোড, বাংলামোটর, ঢাকা ১০০০
ফোন: ০২-৯৬৬০৮১২, ০১৭০৫৪১৭১৪৯






CamScanner

বিশ্বসাহিত্য কেন্দ্র

Email: bskmbf24@gmail.com

১৭ ময়মনসিংহ রোড, বাংলামোটর, ঢাকা ১০০০

ফোন: ০২-৯৬৬০৮১২, ০১৭০৫৪১৭১৪৯






CamScanner